

১৫ই জানুয়ারী, ২০২৩

### প্রেস বিজ্ঞপ্তি

কিডনী ডায়ালাইসিসের মূল্য বৃদ্ধির প্রতিবাদ করতে গিয়ে আটককৃতদের নিঃশর্ত মুক্তি, ঘটনার সুষ্ঠু তদন্ত এবং ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণের দাবী জানাচ্ছে ব্লাস্ট

মায়ের কিডনী ডায়ালাইসিসের মূল্য বৃদ্ধির প্রতিবাদ করতে গিয়ে বেআইনীভাবে আটক মুস্তাকিমের নিঃশর্ত মুক্তির দাবী জানাচ্ছে ব্লাস্ট। পাশাপাশি এ ধরনের নির্যাতন, হয়রানিমূলক মামলা দায়েরের তীব্র নিন্দা জানাচ্ছে ব্লাস্ট।

গণমাধ্যমে প্রকাশিত তথ্য অনুযায়ী জানা যায় যে, গত মঙ্গলবার কিডনী ডায়ালাইসিসের মূল্য বৃদ্ধির প্রতিবাদে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের সামনের সড়ক অবরোধ করেন রোগী ও স্বজনরা। তারা বেশীরভাগই ছিলেন নিম্ন আয়ের মানুষ। পুলিশ রোগী ও স্বজনদের নির্যাতন করেছে বলে অভিযোগ রয়েছে। তাছাড়া পুলিশের দায়িত্ব পালনে বাধা ও পুলিশ সদস্যদের মারধরের অভিযোগে উল্টা রোগী ও তাঁদের স্বজনদের বিরুদ্ধে অজ্ঞাত পরিচয়ে ৫০ থেকে ৬০ জনকে আসামি করে মামলা দেয়া হয়েছে এবং মোস্তাকীমকে গ্রেফতার করা হয়েছে। ডায়ালাইসিসের মূল্য বৃদ্ধির জন্য মোস্তাকীম সহ অন্য সকলের শান্তিপূর্ণ প্রতিবাদ (যা প্রত্যেক মানুষের গনতান্ত্রিক অধিকার) যা কোন ভাবেই পুলিশের কাজে বাধা প্রদান নয়। মোস্তাকিমের কিডনি রোগী মা নিয়ে প্রতিবাদ করায় তাকেও শারীরিকভাবে নির্যাতন করা হয় বলে গণমাধ্যম সূত্রে জানা গেছে। উল্লেখ্য ৫৫ বছর বয়সী বিধবা নাসরিন আক্তার, সপ্তাহে তিন দিন ডায়ালাইসিস করে সাত বছর ধরে বেঁচে থাকার লড়াই চালিয়ে যাচ্ছেন।

এামলার এজহার অনুসারে, মোস্তাকিমকে দণ্ডবিধির ১৪৩, ৩৩২ এবং ৩৫৩ ধারায় বেআইনী সমাবেশ, মারধর সহ সরকারী কাজে বাধা দেয়ার অভিযোগে গ্রেফতার করা হয়েছে, যা হয়রানিমূলক। ব্লাস্ট গ্রেফতারকৃত মোস্তাকিমের নিঃশর্ত মুক্তি, ঘটনার সুষ্ঠু তদন্ত, জড়িতদের শাস্তি এবং ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণের দাবী জানাচ্ছে। পাশাপাশি নাগরিকের স্বাস্থ্যের অধিকার নিশ্চিত করার দাবী জানাচ্ছে ব্লাস্ট।

আরও তথ্যের জন্য:

[communication@blast.org.bd](mailto:communication@blast.org.bd)